সংবাদ

OL 017

তারিখ ... ২৪।৩।৮৫ ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

# প্রাথমিক শিক্ষার ১৪টি বই সংশোধন

দেশের প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের জন্য জাতীয় কারিকুলাম ও টেক্সট বুক বোর্ডের বিশেষজ্ঞরা ১৪টি বই সংশোধন করেছেন।

জনৈক বিশেষজ্ঞ বার্তা সংস্থা এনার সাথে এক সাক্ষাৎকারে বলেন যে, সংশোধনের পর পাঁচটি বই ইতিমধ্যে বাজারে ছাড়া হয়েছে এবং বাদবাকিগুলো আগামী বছর প্রকাশিত হবে। সংশোধিত বইগুলোর মধ্যে রয়েছে আমার বই ১ম, ২য় ও ৩য় শ্রেণীর এবং ৩য় শ্রেণীর পরিবেশ পরিচিতি (সমাজ) ও পরিবেশ পরিচিতি (বিজ্ঞান)।

বাদবাকি ৯টি বইর মধ্যে রয়েছে প্রাথমিক সেকশনের বিভিন্ন শ্রেণীর ইংরেজী, বাংলা, বিজ্ঞান, সমাজ বিজ্ঞান প্রভৃতি।

কারিকুলামকে কর্ম ও উৎপাদনমুখী করাই এই সংশোধনীর লক্ষ্য। বিশেষজ্ঞ বলেন, এটা শিশুদের মানসিকভাবে সঠিক ও উন্নতির পথে যেতে উদ্বুদ্ধ করতে সহায়ক হবে।

তিনি বলেন, 'শিশুদের গড়ে তোলার জন্য বইগুলোর অপ্রাসঙ্গিক লেখা শোধরানো বা বাদ দেয়ার চেষ্টা করছি।'

তিনি জানান, ইউনিসেফের সহায়তা নিয়ে ১৯৮২ সালে এই সংশোধনের পদ্ধতি শুরু হয়।

একটি সূত্র জানায়, জাতীয় কারিকুলাম ও টেক্সট বুক বোর্ডের পক্ষ থেকে দেশে একশ' কমিউনিটি শিক্ষা কেন্দ্র (সিএলসি) স্থাপন করা হবে। এর মধ্যে চলতি সালে স্থাপন করা হবে ৫৪টি।